

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৬২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই মহান আল্লাহ তাঁর বান্দাদের মাঝে দয়াশীলদের প্রতিই দয়া করেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا إِنَّمَا يَرْحَمُ مِنْ عِبَادِهِ الرُّحَمَاءَ

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بِنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بِنُ خَلَّادِ الْبَاهِلِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْأَحْوَلِ عَنْ أَبِي عُثْمَانَ: عَنْ الْمَامَةَ بِنِ زَيْدِ قَالَ: كُنَّا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَاءَ رَسُولُ امْرَأَةٍ مِنْ بَنَاتِهِ الْسَامَةَ بِنِ زَيْدِ قَالَ: يَا رَسُولُ اللهِ أَرْسَلَتْ إِلَيْكَ الْبَنتُكَ أَنْ تَأْتِيهَا فَإِنَّ صَبِيًّا لَهَا فِي الْمَوْتِ فَقَالَ: (النَّبِهَا فَقَالُ: يَا رَسُولُ اللهِ أَرْسَلَتْ إِلَيْكَ الْبَنتُكَ أَنْ تَأْتِيهَا فَإِنَّ صَبِيًّا لَهَا فِي الْمَوْتِ فَقَالَ: (النَّبِهَا فَقَالُ: يَا رَسُولُ اللهِ إِنَّ لِلهِ مَا أَخَذَ وَلَهُ مَا أَعْلَى وَكُلُّ شَيْءٍ عِنْدَهُ بِأَجَلَ مُسَمَّى فَلْتَصِيْرِ فَقَالَ: يَا رَسُولُ اللهِ إِنَّهَا تُقْسِمُ عَلَيْكَ إِلَّا جِئْتَهَا فَقَامَ رَسُولُ اللّهِ إِنَّهَا تُقْسِمُ عَلَيْكَ إِلَّا جِئْتَهَا فَقَامَ رَسُولُ اللّهِ عِمْلَيْ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقُمْنَا مَعَهُ رَهْطٌ مِنَ الْأَنْصَارِ فَدَخَلْنَا فَرُفع إِلَيْهِ الصَبِيُّ رَسُولُ اللّهِ عَلَيْهِ وَسَلَّمَ وَقُمْنَا مَعَهُ رَهْطٌ مِنَ الْأَنْصَارِ فَدَخَلْنَا فَرُفع إِلَيْهِ الصَبِي وَنَقُسُمُ عَلَيْهُ وَسُلَّمَ وَقُمْنَا مَعَهُ رَهْطٌ مِنَ الْأَنْصَارِ فَدَخَلْنَا فَرُفع إِلَيْهِ الصَبِي وَنَقُسُهُ تَقَعْقُعُ فِي صَدْرِهِ فَقَاصَتَ عَيْنَاهُ فَقَالَ لَهُ سَعْدُ بُنُ عُبَادَةَ: مَا هَذَا يَا رَسُولَ اللّهِ وَنَاسَلَاقً اللّهُ فِي قُلُوبٍ عِبَادِهِ وَإِنَّمَا يَرْحَمُ الله من عباده الرحماء.) قالَ (رَحْمَةٌ جَعَلَهَا اللّهُ فِي قُلُوبٍ عِبَادِهِ وَإِنَّمَا يَرْحَمُ الله من عباده الرحماء.) الراوي : أُسَامَة بْن زَيْدٍ اللمحدث : العلامة ناصر الدين الألباني اللمصدر : العلمات على صحيح ابن حبان الصفحة أو الرقم: 146 المحدث عم المحدث: صحيح ابن حبان

বাংলা

৪৬২. উসামা বিন যাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে ছিলাম, এমন সময় তাঁর এক মেয়ের বার্তাবাহক আসেন এবং বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনার মেয়ে আপনার কাছে সংবাদ পাঠিয়েছেন তাঁর কাছে যাওয়ার জন্য। কারণ তাঁর এক বাচ্চা মুমূর্ষ অবস্থায় আছে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি গিয়ে তাঁকে বল যে, তিনি যা গ্রহণ করেন এবং যা দেন- সবই তাঁরই। তাঁর কাছে প্রত্যেক জিনিসের একটি নির্ধারিত সময় রয়েছে। কাজেই সে যেন ধৈর্যধারণ করে এবং আল্লাহর কাছে সাওয়াব প্রত্যাশা করে।" রাবী বলেন, এর অল্প



কিছুক্ষণ পর তিনি আবার ফিরে আসেন এবং বলেন: "তিনি আপনাকে শপথ দিয়ে বলেছেন, আপনি অবশ্যই যেন যান।" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়ালেন, তাঁর আমরা আনসারদের একটি দলও দাঁড়ালাম। আমরা (তাঁর মেয়ের বাড়িতে) প্রবেশ করলাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে শিশুটিকে পেশ করা হলো। এসময় তার শ্বাস-প্রশ্বাস ঘড়ঘড় করছিল। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর দু'চোখে অশ্রু বেয়ে পড়লো। তখন সা'দ বিন 'উবাদা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটা কেন?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "এটা হলো সেই দয়া (এর ফল) যা মহান আল্লাহ তার বান্দাদের হৃদয়ে রেখে দিয়েছেন। নিশ্চয়ই মহান আল্লাহ্ দয়াশীলদের প্রতিই দয়া করেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২০৪; সহীহ আল বুখারী: ১২৮৪; সহীহ মুসলিম: ৯২৩; আবু দাউদ: ৩১২৫; সুনান বাইহাকী: ৪/৬৮; বাগাবী, শারহুস সুনাহ: ১৫২৭।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ২০৬-২০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন